

একাদশ শ্রেণীতে ভর্তি — সরকারের নীতিমালা উপেক্ষিত রাজধানীর শীর্ষ কলেজগুলোতে ইচ্ছামতো ফি আদায়

রাফিক উদ্দিন

একাদশ শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তিতে সরকারের নীতিমালা অনুসরণ করছে না রাজধানীর শীর্ষস্থানীয় কলেজগুলো। শিক্ষা মন্ত্রণালয় ঢাকা মহানগরীতে একাদশ শ্রেণীতে শিক্ষার্থীর ভর্তি ফি সর্বোচ্চ পাঁচ হাজার টাকা নির্ধারণ করলেও কলেজগুলো ৮ থেকে ২৫ হাজার টাকা পর্যন্ত ফি আদায় করছে। কলেজগুলো বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগের জন্য পৃথক পৃথক ভর্তি ফি নির্ধারণ করেছে। যেসব শিক্ষার্থী ইংরেজি ভাষানে ভর্তি হচ্ছে তাদের বিংশ ফি ওনতে হচ্ছে। যারা কম্পিউটার সায়েন্স বিষয় নিচ্ছে তাদের আরও বেশি ফি দিতে হচ্ছে। আগামী ২৮ জুন একাদশ শ্রেণীতে ভর্তির শেষ সময়। এ বিষয়ে জানতে চাইলে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ফাহিমা বাতুন সর্বোচ্চ বলেছেন, ভর্তি নীতিমালা জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। অতিরিক্ত ফি আদায়ের বিষয়টিও তাদেরই পেছার কথা। তবে শিক্ষা মন্ত্রণালয় থেকে নির্দেশনা পেলে অবশ্যই অতিরিক্ত কলেজের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে বলেও তিনি জানিয়েছেন। ভর্তিচ্ছুক শিক্ষার্থীরা জানায়, একাদশ শ্রেণীতে ভর্তিতে সরকারের : পৃষ্ঠা : ১৫ ক : ৫

সরকারের : নীতিমালা

(১ম পৃষ্ঠার পর)

সবচেয়ে বেশি ফি আদায় করছে ডিজিটাল শিক্ষা উপকরণ সরবরাহের সেবাস্বার্থী ক্যামব্রিজ কলেজ কর্তৃপক্ষ। এই কলেজটির কর্তৃপক্ষ শিক্ষার্থীদের বিনামূল্যে কিছু শিক্ষা উপকরণ সরবরাহের মিথ্যা অস্বীকার করে ভর্তি ফি নিচ্ছে প্রায় ২৫ হাজার টাকা। প্রতি বছরই এই কলেজটি ভর্তি নীতিমালা উপেক্ষা করে আসছে। এই কলেজটি এবার অনলাইনে ভর্তির আবেদন কার্যক্রম শেষ হওয়ার আগেই প্রায় ৭০০ শিক্ষার্থীকে ভর্তি করেছে বলে ঢাকা শিক্ষা বোর্ডের কর্মকর্তারা জানিয়েছেন।

জানা গেছে, দেশের অন্যতম শীর্ষস্থানীয় নটরডেম কলেজে ভর্তি নীতিমালা উপেক্ষিত হচ্ছে। এই কলেজে এবার একাদশ শ্রেণীতে ভর্তি ফি নেয়া হচ্ছে ১০ থেকে ১১ হাজার টাকা। এমনকি এই কলেজের একাদশ শ্রেণীর প্রথম বর্ষের উত্তীর্ণ শিক্ষার্থীদের দ্বিতীয় বর্ষে ভর্তিতেও নেয়া হচ্ছে আট হাজার ৫০০ টাকা।

এ বিষয়ে নটরডেম কলেজের অধ্যক্ষ ফাদার বেঞ্জামিন কন্যা সংবাদকে বলেছেন, ছাত্রছাত্রীদের এক বছরের জন্য সহায়ক বই, ব্যাগ, চারটি প্রাকটিক্যাল বইসহ ভর্তি ১১ হাজার টাকা নেয়া হচ্ছে। তিনি বলেন, শিক্ষা উপকরণ ফি বাদ দিলে ভর্তি ফি পাঁচ হাজার টাকার মধ্যেই থাকবে। অন্যান্য কলেজের তুলনায় নটরডেম কলেজ প্রাকটিক্যাল বিষয়ের ওপর একটু বেশি জোর দিয়ে থাকে বলেও তিনি জানান। মাইলস্টোন কলেজে এবার একাদশ শ্রেণীতে ভর্তি ফি আদায় করা হচ্ছে ১৬ হাজার থেকে ১৬ হাজার ৫০০ টাকা। শিক্ষা বোর্ডের ভাষায় অন্যতম বিতর্কিত এই কলেজটি প্রতিবারই সরকারের ভর্তি নীতিমালা উপেক্ষিত থাকছে। শিক্ষার্থীদের পরীক্ষার প্রস্তুতি আগাম সরবরাহের দায়ে দু'বছর আগে এই কলেজের কেশু বাউল করা হয়েছিল। সম্প্রতি শেষ হওয়া এইচএসসি'র পরীক্ষার্থীদের ব্যবহারিক বিষয়ে পূর্ণ নম্বর দেয়ার জন্য সরকারি বিজ্ঞান কলেজ কর্তৃপক্ষকে মোটা অঙ্কের টাকা দেয়ার বিষয়ও প্রমাণিত হয়েছে শিক্ষা বোর্ডের ডপ্তারে।

সংগঠিতরা জানায়, উত্তরা হাইস্কুল অ্যান্ড কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি ফি নেয়া হচ্ছে প্রায় ১৪ হাজার টাকা। রাসউক উত্তরা মডেল হাইস্কুল অ্যান্ড কলেজে নেয়া হচ্ছে ১৪ হাজার ৫০০ টাকা, ঢাকা সিটি কলেজে ১৬ থেকে ১৭ হাজার টাকা, স্যামচুল হক বান স্কুল অ্যান্ড কলেজে ১২ হাজার টাকা, ড. মাহবুবুর রহমান মোস্তাফা কলেজে ৮ হাজার, ধনিয়া বিশ্ববিদ্যালয় কলেজ ও ধনিয়া একে হাইস্কুল কলেজেও ৮ হাজার টাকা নেয়া হচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তি নীতিমালা অনুসরণ করে শিক্ষার্থী ভর্তি করছে— এমন দুটি কলেজের অধ্যক্ষ ক্ষোভ প্রকাশ করে সংবাদকে বলেছেন, ঢাকা শিক্ষা বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাদের অনৈতিক সুবিধা দিয়ে বাণিজ্যানির্ভর কলেজগুলো শিক্ষার্থীদের জিম্মি করে ইচ্ছামতো ভর্তি ফি আদায় করছে। তারা বলেন, এভাবে চলতে থাকলে আগামীতে কোন কলেজই সরকারের ভর্তি নীতিমালা মানবে না।